

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭০৪
২৯/ দু'আ ও যিকর
পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ قَسَمَ بَيْنَكُمْ أَرْزَاقَكُمْ وَإِنَّ اللهَ يُوْتِي الْمَالَ مَنْ يُحِبُّ وَمَنْ لَّا يُحِبُّ وَلَا يُوْتِى الْمَالَ مَنْ يُحِبُّ وَمَنْ لَّا يُحِبُّ وَلَا يُوْتِى الْمَالَ مَنْ يُحِبُّ وَمَنْ لَّا يُحِبُّ وَلَا يُوْتِى الْمَالَ أَنْ يُنْفِقَهُ الْإِيْمَانَ فَمَنْ ضَنَّ بِالْمَالِ أَنْ يُنْفِقَهُ وَهَابَ الْعَدُوّ أَنْ يُجَاهِدَهُ وَالْلَيْلُ أَنْ يُكَابِدَهُ فَلْيُكْثِرْ مِنْ قَوْلٍ لَا إِلَهَ إِلَّا اللهُ وَاللهُ أَكْبَرُ وَالْحَمْدُ للهِ وَسُبْحَانَ اللهِ وَاللهُ أَكْبَرُ

বাংলা

(৩৭০৪) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) বলেন, (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,) নিশ্চয় আল্লাহ তোমাদের মাঝে তোমাদের চরিত্র বন্টন ক'রে দিয়েছেন, যেমন তিনি তোমাদের মাঝে তোমাদের রুয়ী বন্টন ক'রে দিয়েছেন। নিশ্চয় তিনি তাকে দুনিয়া দান করেন, যাকে তিনি ভালোবাসেন এবং যাকে তিনি ভালোবাসেন না। কিন্তু তিনি ঈমান দান করেন কেবল তাকে, যাকে তিনি ভালোবাসেন। সূতরাং যে ব্যক্তি ধন ব্যয় করতে কার্পণ্য করে, শক্রর বিরুদ্ধে জিহাদ করতে ভয় করে এবং রাত্রি জেগে ইবাদত করতে ভয় করে, তার উচিত বেশি বেশি 'সুবহানাল্লাহ', 'আলহামদু লিল্লাহ', 'লা ইলাহা ইল্লাল্লাহ' ও 'আল্লাহু আকবার' বলা।

ফুটনোট

(ত্বাবারানী ৮৮৯৭, প্রমুখ, সিঃ সহীহাহ ২৭১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন